

সঞ্জীবের জন্য ভালবাসা,  
সঞ্জীবই হয়ে এসো

আমাদের বাগানের ছোট ফুলকলি,  
বিমর্ষ নয়নেতে আছে মুখ তুলি।  
দুপুরের মৃদু বায়ে বিষাদের ঢেউ,  
খবরটা তবে বুঝি জানিয়েছে কেউ।

মানব গাড়ীটি তার থেমে গেছে শেষে,  
চলবেনা কভু আর যাযাবর বেশে।  
ভুলে ভরা গল্পটা খানিকটা ব'লে,  
কিংবদন্তী ফেলে গেলো একা চ'লে।

স্বপ্নবাজীই যদি স্বপ্ন তোমার,  
জন্ম আবার হবে, হবেই আবার।  
পুনর্জন্মে তুমি নয় দেবতা,  
সঞ্জীবই হয়ে এসো সঞ্জীব'দা।

[poroshpathor81@yahoo.com](mailto:poroshpathor81@yahoo.com)  
November 22, 2007